

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১২ গাজাসেবী আটক

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ক্যাম্পাসে গাজা সেবনের অভিযোগে ১২ জনকে আটক করা হয়েছে। বৃহস্পতিবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনজন সহকারী প্রক্টর এক বাটিকা অভিযান চালিয়ে এদের আটক করেন। এদের মধ্যে ৭ জন বহিরাগত এবং ৫ জন বিশ্ববিদ্যালয়ের ছাত্র। বহিরাগত ৭ জনকে পুলিশে সোপর্দ করা হয়েছে। ছাত্র ৫ জনকে মুচলেকা নিয়ে ছেড়ে দেওয়া হয়।

রমনা থানা পুলিশ প্রাথমিক জিজ্ঞাসাবাদের পর বহিরাগত ৭ জনকে ছেড়ে দেয় বলে থানা সূত্রে জানা যায়।

এর আগে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সন্ধ্যার পর বহিরাগত কাউকে ক্যাম্পাসে আপত্তিজনক অবস্থায় পাওয়া গেলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে সোপর্দ করা হবে এই মর্মে নোটিশ দেয়। কিন্তু এই আদেশকে বুঝালি দেবিয়ে বহিরাগতরা ক্যাম্পাসে সন্ধ্যার পর অবাধে বিচরণ করছে। যাদেরকে আটক করা হয়েছে এদের কারো নাম জানা যায়নি।